# 2024

## BENGALI

( Honours Core )

Paper : BEN–HC–4016

[ বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ]

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর দাও : ১×১০=১০

(ক) ফোর্ট উইলিয়ম কলেজ কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়েছিল ?

(খ) 'গৌড়ীয় ব্যাকরণ' গ্রন্থের রচয়িতা কে ?

(গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর 'বেতাল পঞ্চবিংশতি' কোন্ গ্রন্থ থেকে অনুবাদ করেছিলেন ?

(ঘ) 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটির প্রকাশকাল লেখো।

(ঙ) মাইকেল মধুসূদন দত্ত কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেছিলেন ?

(চ) বিহারীলাল চক্রবর্তীকে 'ভোরের পাখি' কে বলেছিলেন?

(ছ) 'নীলদর্পণ' নাটকের রচয়িতা কে?

(জ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন্ উপন্যাসটিকে সার্থক ঐতিহাসিক উপন্যাস বলা হয়?

(ঝ) রবীন্দ্রনাথ রচিত প্রথম উপন্যাসের নাম লেখো।

(ঞ) বলাইচাঁদ মুখোপাধ্যায়ের ছদ্মনাম কী ছিল?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও : ২×৫=১০

(ক) ফোর্ট উইলিয়ম কলেজের ছাত্রদের অধ্যয়নের জন্য মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার রচিত দুখানি গ্রন্থের নাম লেখো।

(খ) 'বঙ্গদর্শন' পত্রিকা কত খ্রিস্টাব্দে, কার সম্পাদনায় প্রথম প্রকাশিত হয়েছিল?

(গ) 'দীপ ও ধূপ' কাব্যসংকলন গ্রন্থের কবি কে? গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

(ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের রচিত দুখানি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

(ঙ) মানিক বন্দ্যোপাধ্যায়ের আসল নাম কী ছিল? তাঁর রচিত একখানি উপন্যাসের নাম লেখো।

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'সমাচার চন্দ্রিকা' পত্রিকা সম্পর্কে যা জান লেখো।

(খ) রামমোহন রায়ের রচনা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(গ) রবীন্দ্রনাথ ঠাকুরের সূচনাপর্বের কাব্যগুলির পরিচয় তুলে ধরো।

(ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের পৌরাণিক নাটকের বিশেষত্ব সম্পর্কে আলোচনা করো।

(ঙ) ছোটগল্পকার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(চ) মানিক বন্দ্যোপাধ্যায়ের সাহিত্যসত্তার সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরো।

৪। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'তত্ত্ববোধিনী' পত্রিকা প্রকাশের ক্ষেত্রে দেবেন্দ্রনাথ ঠাকুরের ভূমিকা নিরূপণ করো।

(গ) মাইকেল মধুসূদন দত্তের নাট্যপ্রতিভার পরিচয় দাও।

(Turn Over)

(ঘ) গীতিকবিতা রচনায় বিহারীলাল চক্রবর্তীর প্রতিভার মূল্যায়ন করো।

(ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের রূপক-সাংকেতিক নাটকগুলি সম্পর্কে যা জান লেখো।

(চ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ঔপন্যাসিক প্রতিভার মূল্যায়ন করো।

(ছ) ছোটগল্প রচনায় বলাইচাঁদ মুখোপাধ্যায়ের কৃতিত্বের পরিমাপ করো।

(জ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের তত্ত্ব ও দেশাত্মবোধক উপন্যাস সম্পর্কে যথাযথ আলোচনা করো।

★★★